যায়যায়দিন

তারিখ 17 AUG 2009
পৃষ্ঠা ৩ কলাম ৩

# শিক্ষক নিয়োগে দুর্নীতি রোধে পদক্ষেপ নেবে মাউশি

যাযাদি রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয় এবং এর অধীন দপ্তর, অধিদপ্তর, শিক্ষা বোর্ড, বিভাগ, জেলা ও উপজেলা শিক্ষা অফিসসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতিমুক্ত কর্মপরিবেশ প্রতিষ্ঠায় একটি কমিটি গঠন করবে শিক্ষা মন্ত্রণালয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) বেসরকারি স্কুলে শিক্ষক নিয়োগে দুর্নীতি রোধে পদক্ষেপ নেবে। রোববার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

অভিযোগ আছে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি অনুদানভুক্তি (এমপিও), পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি, পেনশন, নিয়োগ-বদলির রমরমা তদবির বাণিজ্যের আখড়া শিক্ষা মন্ত্রণালয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে মন্ত্রণালয়ের কোনো নিয়ন্ত্রণ ছিল না। শিক্ষক নিয়োগে গভর্নিং বডির স্বেচ্ছাচারিতা ও ব্যাপক দুর্নীতির অভিযোগ ছিল। বেসরকারি স্কুলে শিক্ষক নিয়োগে দুর্নীতি রোধে মাউশির পদক্ষেপ গ্রহণের সুযোগ সৃষ্টি হওয়ায় এক্ষেত্রে দুর্নীতি কমে আসবে বলে সংশ্লিষ্টরা মনে করেন।

কার্যক্রমে অহেতুক বিলম্ব ও দুর্নীতি রোধে সংশ্লিষ্ট যুগ্ম সচিবদের উদ্যোগ গ্রহণ করতে বলেছেন শিক্ষামন্ত্রী। এছাড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে (প্রশাসন ও অর্থ) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি), অতিরিক্ত সচিবকে (উন্নয়ন) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে এবং যুগ্ম সচিবকে (অডিট ও আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কার্যক্রম নিবিড়ভাবে তদারকির দায়িত্ব দেয়া হয়েছে।